

গত মঙ্গলবার রাতে হোটেল শেরাটনে তারার মেলা বসেছিল। বিভিন্ন ক্ষেত্রে মোট ১৪ জন তারকা পেয়েছেন সেরা পুরস্কার। ছবিতে মেরিল-প্রথম আলো পদক ও সনদপত্র হাতে ছয় তারকাকে দেখা যাচ্ছে। সামনের সারিতে বাঁ থেকে সেরা মডেলকন্যা সাদিয়া ইসলাম মৌ, সেরা টিভি অভিনেত্রী তারানা হালিম (সমালোচক পুরস্কার), সেরা চলচ্চিত্র অভিনেত্রী শাবনূর, সেরা টিভি অভিনেত্রী শমী কায়সার। পেছনে আছেন সেরা ব্যান্ড এলআরবির আইয়ুব বাচ্চু ও সেরা টিভি অভিনেতা জাহিদ হাসান --প্রথম আলো